**Times Today BD**

সংগীত কুমার | ক্যাম্পাস | 01 May, 2025

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) অনুষ্ঠিত হয়েছে “শ্রমিক স্বাস্থ্য ক্যাম্পেইন ও তরমুজ উৎসব”।বৃহস্পতিবার (১ মে) দুপুর ১টায় বিশ্ববিদ্যালয়ের ডায়না চত্বরে ‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ইসলামী বিশ্ববিদ্যালয়’ এই ব্যতিক্রমী আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. নকীব মুহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মো. শাহীনুজ্জামান। আয়োজনে আরও উপস্থিত ছিলেন সংগঠনের সমন্বয়ক এস. এম সুইট, সহ-সমন্বয়ক নাহিদ হাসান, গোলাম রব্বানী, তানভীর মন্ডল, ইসমাইল হোসেন রাহাত, পংকজ রায়সহ অনেকে।

উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, “আমাদের বিশ্ববিদ্যালয় যেভাবে গড়ে উঠেছে, তার পেছনে শ্রমিকদের অক্লান্ত পরিশ্রম রয়েছে।শ্রমিকরাই উন্নয়নের প্রধান চাবিকাঠি।কিন্তু দুঃখজনকভাবে এখনো মালিক-শ্রমিক বৈষম্য দূর হয়নি।আজকের আয়োজন শ্রমিকদের প্রতি সম্মান জানানো এবং তাদের অধিকার সম্পর্কে সচেতনতা বাড়ানোর একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

তিনি আরও বলেন, “বাংলাদেশে শ্রমিকের সংখ্যা প্রায় ৭ কোটি ৬৫ লক্ষ হলেও, মাত্র ৪২টি শ্রমখাতে ন্যূনতম মজুরি নির্ধারিত আছে।বাকিদের জন্য কোনো আইনি সুরক্ষা নেই।এ অবস্থা বদলাতে হবে, শ্রমিকদের মর্যাদা ও অধিকার নিশ্চিত করতে হবে।”

আয়োজক সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, শ্রমিকদের প্রতি শ্রদ্ধা জানাতেই এই আয়োজন। তাদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং সম্মান প্রতিষ্ঠাই ছিল মূল উদ্দেশ্য।

শ্রমিক দিবস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/campus/1721775807